মেহেরপুর সদর কৃষি অফিসে দুদকের অভিযান

সরকার প্রদত্ত গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে প্রণোদনায় অনিয়ম, মৃত ব্যক্তির নামে বিল-ভাউচারসহ নানা অনিয়মের অভিযোগ উঠেছে মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামানের বিরুদ্ধে। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসে অভিযান পরিচালনা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

গতকাল সোমবার দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সদর উপজেলা কৃষি অফিসে এই বিশেষ অভিযান পরিচালিত হয়। পরে তদন্ত দল উপজেলার বিভিন্ন এলাকায় গিয়ে প্রণোদনা পাওয়া কৃষকদের বাড়ি বাড়ি গিয়ে সরেজমিন তদন্ত শুরু করে।

তিন সদস্য বিশিষ্ট তদন্ত দলের নেতৃত্ব দেন দুদকের কুষ্টিয়া অঞ্চলের সহকারী পরিচালক বিজন কুমার রায়। তিনি জানান, কৃষি প্রণোদনার আওতায় একাধিক প্রকল্পে মৃত ব্যক্তির নামে প্রকল্প প্রদান ও গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে চার হাজার কৃষককে প্রণোদনা দেয়ার ক্ষেত্রে অনিয়মের অভিযোগের তদন্ত চলছে।

তিনি আরও জানান, তদন্ত টিম ইতোমধ্যে প্রণোদনা পাওয়া কৃষকদের তালিকা ও সংশ্লিষ্ট নথি সংগ্রহ করেছে। মাঠ পর্যায়ে কৃষকদের সঙ্গে কথা বলে যাচাই-বাছাই শেষে পুরো প্রতিবেদন দুদকের প্রধান কার্যালয়ে পাঠানো হবে।

মেহেরপুর সদরের সিংহাটিতে ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের ৯ নং ওয়ার্ড (পুর্ব সিংহাটি ও শিমুলতলা) বিএনপি’র ওয়ার্ড সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকেলে পূর্ব সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১

সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমল হক মিন্টু ও জেলা জাসাস -এর নেতা বাঁকা বিল্লাহ। এসময় বিনা প্রতিদ্বন্দ্বীতায় ওয়ার্ড কমিটির সভাপতি আলী হোসেন মেম্বার ও আহসান হাবীব সাধারণ সম্পাদক মনোনীত হয়।

এ সময় উপস্থিত নেতাকর্মীরা হাত উত্তোলনের মাধ্যমে তাদের সমর্থন জানান। অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

মেহেরপুরে প্রাথমিক শিক্ষকদের মানববন্ধন

“শতভাগ বিভাগীয় পদোন্নতিসহ সহকারী শিক্ষকদের ১০ম গ্রেড ও প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে বেতন নির্ধারিত করতে হবে ও প্রাথমিক শিক্ষকদের প্রাণের দাবি আদায়ের লক্ষ্যে স্মারকলিপি প্রদান ও মানববন্ধনে আয়োজন করা হয়েছে।

আজ বুধবার (২ অক্টোবর) বিকেলে মেহেরপুর সদর উপজেলা পরিষদের সামনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ও সদর উপজেলা শাখার উদ্দ্যোগে স্মারকলিপি প্রদান ও মানববন্ধন আয়োজন করা হয়।

এ সময় মানববন্ধনে বক্তব্য প্রদান করে সহকারী শিক্ষক শফিকুল ইসলাম মিন্টু, আজহার আলী, আরিফুল ইসলাম, ইনজামুল হক, বিজলী খাতুন, মীর সাদিক, মিনারুল ইসলাম, জাহাঙ্গীর হোসেন, জাহাঙ্গীর আলম, শাহানা ফিরদৌস, আসাদুল হক সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকরা উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু কাছে মানববন্ধন উপস্থিত শিক্ষকরা স্মারকলিপি প্রদান করেন।

৬ ঘন্টায় মেহেরপুর সদরে ১৪ ও মুজিবনগরে ২২ শতাংশ ভোট পোল

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদের ভোট গ্রহণ চলছে। বেলা ২ টা পর্যন্ত সদর উপজেলা পরিষদ নির্বাচনে ১৪ শতাংশ ও মুজিবনগর উপজেলায় ২২ শতাংশ ভোট পোল হয়েছে।

সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনের রিটানিং অফিসার মোহাম্মদ ওয়ালীউল্লাহ এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেছেন, বেলা ২ টা পর্যন্ত সদর উপজেলায় ৯৪ টি ভোট কেন্দ্রে ২৮ হাজার ৩৫০ ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে ৩৫ টি ভোট কেন্দ্রে ১৩ হাজার ৯৯১ ভোট পোল হয়েছে।



সরেজমিনে সদর ও মুজিবনগর উপজেলার বিভিন্ন ভোট কেন্দ্রগুলোতে পরিদর্শনে দেখা গেছে, ভোটকেন্দ্রগুলো নিরুত্তাপ। ভোটার সংখ্য খুবই কম। ভোটার বিহীন ভোট কেন্দ্রগুলোতে অলস সময় পার করছেন নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পুলিশ ও আনসার সদস্যরা। এছাড়া ভোটকেন্দ্রের বুথগুলোতেও অলস সময় পার করছেন প্রিজাইডিং, সহকারি প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার ও প্রার্থীদের এজেন্টরা। অনেক ভোট কেন্দ্রে বাইরে থেকে বোঝার উপায় নেই এটি ভোট কেন্দ্র। সদর উপজেলার শ্যামপুর বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ভোটকেন্দ্রে ঘুরে দেখা গেছে, ৩ ঘন্টা ১০ মিনিটের সময় সকাল ১১ টা ১০ মিনিটে ভোট পোল হয়েছে মাত্র ৯১ ভোট। এখানে মোট ভোটার সংখ্যা ২৪৯০। ওই ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার আলমগীর হোসেন এই তথ্য নিশ্চিত করেন। বেলা ১২ টার সময় একই উপজেলার শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে বেলা সাড়ে ১২ টার সময় ভোট পোল হয়েছে ২০০। এখানে মোট ভোটার সংখ্যা ১৭৯৭। প্রিজাইডিং অফিসার মনিরুল ইসলাম বলেন, বেলা সাড়ে ১২ টা ১১.১২ শতাংশ ভোট পোল হয়েছে।

বেলতলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ২১৪৫ ভোটের মধ্যে বেলা ১২ টা পর্যন্ত ভোট পোল হয়েছে ৩৭৮। যা মোট ভোটের ১৭.৬২ শতাংশ। মদনাডাঙ্গার হান্নানগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে, এখানে ভোটার সংখ্যা ২১৩৩। বেলা ১ টা পর্যন্ত এখানে পোল হয়েছে ২৯৫ ভোট। যা শতকরা ১৪ ভাগ। গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে বেলা দেড়টা পর্যন্ত ভোট পোল হয়েছে ৪৩৫ ভোট। এখানে মোট ভোটার সংখ্যা ২৪৫৮ ভোট।



মুজিবনগর উপজেলার মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে, সকাল ১০টা ২০ মিনিট থেকে ২ ঘন্টায় পোল হয়েছে ৬৭ ভোট। এখানে মোট ভোটার সংখ্যা ২০৩৭। একই উপজেলার দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে, সকাল ১০ টা ২০ মিনিট থেকে ২ ঘন্টা ২০ মিনিটে ভোট পোল হয়েছে ১৯৯। এখানে ভোটার সংখ্যা ৩৩৫০। তবে সদর উপজেলা নির্বাচনে প্রার্থী আনারুল ইসলামের নিজ ভোট কেন্দ্র আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ১১ টার সময় থেকে ৩ ঘন্টার সময় ৩৯৩ ভোট পোল হয়েছে। এখানে মোট ভোটার সংখ্যা ২৮৭৬।

মেহেরপুর সদর উপজেলা পরিষদ নির্বাচনে ৪ জন, ভাইসচেয়ারম্যান পদে ২ ও মহিলা ভাইসচেয়ারম্যান ৩ এবং মুজিবনগর উপজেলা নির্বাচনে চেয়ারম্যান ৪ জন, ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারম্যান পদে ২

জন করে প্রতিদ্বন্দ্বীতা করছেন।
এই দুটি উপজেলায় মোট ভোটারের সংখ্যা ৩ লাখ ৩০৬৩ জন।

“সকল প্রস্তুতি শেষ, আগামীকাল নির্বাচন”

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে সকল প্রস্তুতি শেষ করেছে নির্বাচন কমিশন। আগামিকাল বুধবার (৮ মে) মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ।

এই দুটি উপজেলাই গতকাল সোমবার মধ্যরাতেই শেষ হয়েছে নির্বাচনের প্রচার-প্রচারণা। নির্বাচনে যে কোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে ভোটকেন্দ্রে দেওয়া হয়েছে কঠোর নিরাপত্তা ব্যবস্থা।

মেহেরপুর সদর উপজেলা পরিষদের নির্বাচনে ৯৪ টি ভোট কেন্দ্রে ৫৭টি অস্থায়ী বুথ সহ ৬০৫ টি বুথে একযোগে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

সদর উপজেলা নির্বাচনে মোট ভোটার সংখ্যা ২ লক্ষ ১৮ হাজার ৮০৪ জন ভোটার। মোট ভোটারের মধ্যে ১ লক্ষ ৯ হাজার ৪৬৩ জন পুরুষ এবং ১ লক্ষ ৯ হাজার ৩৪০ জন নারী ভোটার ভোটার রয়েছেন।

নির্বাচনে চেয়ারম্যান পদে ৪ জন। ভাইস চেয়ারম্যান পদে ২ জন, মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনে চেয়ারম্যান প্রার্থীরা হলেন, আব্দুল মান্নান (ঘোড়া), অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন (কাপ পিরিচ), আনারুল ইসলাম (মোটরসাইকেল) এবং মোঃ হাসেম আলী (আনারস) ।

ভাইস চেয়ারম্যান পদে মোঃ আবুল হাসেম (চশমা), মোহাম্মদ শাহিন (টিউবওয়েল) এছাড়া, মহিলা ভাইস চেয়ারম্যান পদে লতিফন নেছা লতা (বৈদ্যুতিক পাখা), সামিউন বাশিরা পলি (হাঁস), রোমানা আহমেদ (কলস) প্রতীক। তবে, বিএনপি প্রার্থী রোমানা আহমেদ ইতোমধ্যে নির্বাচন থেকে আনুষ্ঠানিকভাবে সরে দাঁড়িয়েছেন।

এদিকে মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে ৩৫ টি ভোট কেন্দ্রে ৭টি অস্থায়ী বুথ সহ ২৩৬ টি বুথে একযোগে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

মুজিবনগর উপজেলা নির্বাচনে মোট ভোটার ৮৫ হাজার ২৫৯ জন। এর মধ্যে ৪২ হাজার ৫৩৮ জন পুরুষ এবং ৪২ হাজার ৭২১ জন নারী ভোটার।

এই নির্বাচনে চেয়ারম্যান পদে ৪ জন, ভাইস চেয়ারম্যান পদে ২ জন, মহিলা ভাইস চেয়ারম্যান পদে ২জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনে চেয়ারম্যান পদে আমাম হোসেন মিলু (আনারস), কামরুল হাসান চাদুঁ (ঘোড়া), রফিকুল ইসলাম (কাপ প্যারিচ), এবং মাহবুবুর রহমান (মোটরসাইকেল) প্রতীক নিয়ে নির্বাচনের লড়ছেন।

এদিকে ভাইস চেয়ারম্যান পদে বিএম জাহিদ হাসান (টিউবওয়েল) ও মতিউর রহমান (চশমা)। মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন (ফুটবল) ও যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন(কলস) প্রতীক নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছেন।

নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ ওয়ালিউল্লাহ জানান, অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের জন্য সকল ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে।

প্রতিটি কেন্দ্রের জন্য ৪-৫ জন করে পুলিশ বাহিনীর সদস্য, ১৩-১৮ জন করে আনসার ভিডিপি সদস্য দায়িত্ব পালন করবেন।

এছাড়াও নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে স্টাইকিং ফোর্স তাদের দায়িত্ব পালন করবেন।

ভারপ্রাপ্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হলেন

ভাইস চেয়ারম্যান লতা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) সকালের দিকে সদর উপজেলা পরিষদের চেয়ারম্যানদের ভোটে ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হন।

এসময় সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেমও সমর্থন জানান।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম, পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামাল, বারাদী ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা, আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন প্রমুখ উপস্থিত ছিলেন।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে অংশ গ্রহণের জন্য সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পদত্যাগ করার পর ২০২৩ সালের ২১ নভেম্বর উপজেলা চেয়ারম্যান পদ শুন্য ঘোষণা করা হয়।

শারীরিক প্রতিবন্ধী ব্যবসায়ীকে বেতনের টাকা তুলে দিলেন–এসিল্যান্ড

অসহায় প্রতিবন্ধী পেয়ারা ব্যবসায়ী পিন্টু মিয়া তার ব্যবসার মুলধন চুরি হওয়ায় যখন দিশেহারা, তখন নিজের বেতনের টাকা তুলে দিয়ে

জন্য বেতনের কিছু টাকা দিয়ে তার পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। তিনি আরও বলেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সাথে কথা বলে চোর সনাক্ত ও আইনের আওতায় আনার চেষ্টা করবো।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বলেন, ঘটনাটি আমি শুনেছি। চোরকে সনাক্ত করে তাকে আইনের আওতায় আনা হবে।

উল্লেখ্য, সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম এসিল্যান্ড হিসেবে যোগদানের পর সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোর কিছু গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে মেহেরপুর শহরের পৌরসভার সামনে ওভারলোডেট লাটাহাম্বার চাকায় স্পৃষ্ট হয়ে একজন নিহত হওয়ার পরপরই স্ব উদ্যোগে শহরে এসব অবৈধ গাড়ি নিয়ন্ত্রণে অভিযান ও রাস্তার পাশে অবৈধভাবে বালির স্তুপ রেখে জনভোগান্তি সৃষ্টির জন্য অভিযান শুরু করেছেন। কিছুদিনের মধ্যেই মেহেরপুর শহরের পরিস্কার করবেন বলে জানান তিনি।

মেহেরপুর সদর ও মুজিবনগর থানায় নতুন ওসি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর সদর ও মুজিবনগর থানার ওসিসহ সারাদেশের ৩৩৮টি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) বদলি করা হয়েছে। নির্বাচন কমিশনের (ইসি) অনুমোদনের ওসিদের বদলির ঘোষণা এলো।

আজ বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ জহিরুল ইসলাম স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

বদলির তথ্য থেকে জানা গেছে, মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলামকে বদলি করে নড়াইল সদর থানায় এবং মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলকে বদলি করে মাগুরা সদর থানার পদায়ন করা হয়েছে।

মেহেরপুর সদর থানায় পদায়ন করা হয়েছে খুলনার ডুমুরিয়া থানার ওসি

শেখ কনি মিয়া বিপিএমকে এবং খুলনার দাকোপ থানার ওসি উজ্জল কুমার দত্তকে মুজিবনগর থানায় পদায়ন করা হয়েছে।

গত ৩০ নভেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে যেসব থানার ওসিদের বর্তমান কর্মস্থলে ছয় মাসের বেশি চাকরির মেয়াদ হয়েছে, তাদের অন্যত্র বদলি করতে চিঠি দেয় ইসি।

এর প্রেক্ষিতে বুধবার ৩৩৮ থানার ওসির বদলির প্রস্তাব পাঠায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এরপর ওসি বদলির অনুমোদন দেয় নির্বাচন কমিশন।

গত বুধবার (৬ ডিসেম্বর) বদলির প্রস্তাব এসেছে বলে গণমাধ্যমকে জানিয়েছিল ইসির অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ।

গত ৩০ নভেম্বর সব উপজেলা নির্বাহী কর্মকর্তা ও থানার ওসিকে বদলি করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশনা দেয় নির্বাচন কমিশন। এ জন্য কাদেরকে বদলি করা হবে সেই প্রস্তাব পাঠানোর জন্য বলে সংস্থাটি।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ জন সাজাপ্রাপ্তসহ ১১ আসামি গ্রেফতার

ভিন্ন ভিন্ন মামলায় বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত ৫ জন পলাতক আসামিসহ আদালতের পরোয়ানাভূক্ত ১১ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ।

মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর) দিবাগত রাতভর ও আজ বুধবার (১৪ সেপ্টেম্বর) সকাল পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে এসব অভিযান চালান পুলিশের পৃথক টিম।

বিভিন্ন মেয়াদের সাজাপ্রাপ্তরা গ্রেফতারকৃতরা হলেন, চেক ডিজঅনার মামলার আসামি সদর উপজেলার পুরাতন দরবেশপুর গ্রামের মকছেদ আলীর

ছেলে আবু তালেব। একই উপজেলার চাঁদপুর গ্রামের নজরুল ইসলামের দায়ের করা মামলা যার নং সিআর ৫৯১/১৭। মামলায় ১ বছরের কারাদন্ড ও ৩০ লাখ টাকা জরিমানা করেন আদালত। মাদক মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক (মামলা নং জিআর ৫৫/১৪) আসামি নড়াইল জেলার লোহাগড়া উপজেলার মরিচপাশা গ্রামের বাকা সর্দারের ছেলে রাকিব, মাদক মামলায় (মামলা নং জিআর ৩৬৮/১৫) ১ বছরের অপর সাজাপ্রাপ্ত আসামি পিরোজপুর গ্রামের ছহির উদ্দীনের ছেলে কালু বিশ্বাস, ২ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি (মামলা নং এসটিসি ১২৬/১৬)গাংনী উপজেলার শিশিরপাড়া গ্রামের সমসের আলীর ছেলে মতিয়ার রহমান ওরফে মতি এবং জিআর ৮৩০/১২ মামলার সাজাপ্রাপ্ত আসামি একই উপজেলার করমদি গ্রামের সিরাজ উদ্দীনের ছেলে সাহাবুল ইসলাম।

এদিকে আদালতের পরোয়ানাভূক্ত সেসন মামলা ১১/২০ এর আসামি গাংনী উপজেলার হিন্দা গ্রামের সামসুদ্দীনের ছেলে মোস্তাক, নারী ও শিশু নির্যাতন দমন আইন মামলা যার নং ৩২৭/২২ মামলার আসামি কাজিপুর গ্রামের জালাল উদ্দীনের মেয়ে তাসমিমা খাতুন ও স্ত্রী নাইমা বেগম, গাংনী থানার মামলা নং ০৯, তারিখ ০৯/০৯/২০২২ মামলার আসামি গাংনী উপজেলার ফতাইপুর গ্রামের বাহারুল ইসলামের ছেলে নাহিদ হোসেন, জিআর ৩২৫/২২ মামলার আসামি মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের আরশেদ আলীর ছেলে সুমন আলী, জিআর ৩৩/২২ মামলার আসামি সদর উপজেলার বাড়িবাঁকা গ্রামের সামসুল হুদার ছেলে জাহিদুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ সুপার রাফিউল ইসলামের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের বিভিন্ন টিম পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

আজ বুধবার (১৪ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী ও মুজিবনগর থানা পুলিশ ও র্যাব-৬ এর গত ২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত আসামিসহ ৮ জন গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও নিয়মিত মামলার ৬ আসামি রয়েছে।

গত সোমবার (২৪ আগষ্ট) থেকে আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) ভোররাত পর্যন্ত তিনটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এদিকে ২৪ ঘন্টায় তিনটি থানায় ৫ টি মামলা এফআইআর ভূক্ত হয়েছে। এসব মামলার মধ্যে রয়েছে গাংনী থানায় খুনের অভিযোগে একটি, বিস্ফোরক আইনে ১ টি, সদর থানায় মাদক আইনে ২ টি ও অন্যান্য আইনে ১ টি মামলা হয়েছে। এফআইআরভূক্ত এই ৫ টি মামলায় মোট আসামি হয়েছে ২০ জন।

এসময় ২ টি ককটেল বোমা, ১১০ গ্রাম গাঁজা ও ৭ পিচ ইয়াবা জব্দ করেছে।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) সকালের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।